দৈনিক ইনকিলাব

তারিখ 02 DEC 1992
পৃষ্ঠা 4 কলাম ...

39

## শিক্ষাঙ্গন

### বাউফল মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করার আবেদন

বাউফল মাধ্যমিক বিদ্যালয় পটুয়াখালী জেলার অন্তর্গত বাউফল থানা হেড কোয়ার্টার্সে অবস্থিত একটি ঐতিহ্যবাহী মাধ্যমিক বিদ্যালয়। উক্ত বিদ্যালয়ে ৩.১৯ শতাংশ নিজস্ব জমি আছে। ইংরেজী 'এল' আকৃতির বিদ্যালয় গৃহ মনোরম পরিবেশের প্রতিশ্রুতি বহন করে আসছে। ১৮৮৫ সালে উক্ত বিদ্যালয়টি এম ই স্কুল হিসেবে প্রতিষ্ঠিত হয়। ১৯১৯ সালে এটা হাই স্কুলে রূপান্তরিত হয়। সুযোগ্য শিক্ষকমণ্ডলী ও বিদ্যালয় পরিচালনা কমিটি উত্তরসূরীদের এই ঐতিহ্য রক্ষা করে চলেছেন। বর্তমানে এর ছাত্র সংখ্যা চারশ'। বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার ফলাফল প্রতিবছরই সন্তোষজনক। এবার ১৯৯২ সালেও সাতটি ছাত্র স্টার নম্বর এবং ১৫ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। অত্র থানাধীন ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে সর্বোচ্চ প্রথম বিভাগপ্রাপ্ত। এছাড়াও এ প্রতিষ্ঠান থেকে প্রতিবছর বহু ছাত্র জুনিয়র বৃত্তি পেয়ে আসছে। স্থানীয় সুধী ও শিক্ষিত সমাজের দাবীর প্রেক্ষিতে অত্র বিদ্যালয়টি জাতীয়করণ করার জন্যে পটুয়াখালী জেলার মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে প্রথম স্থানে থাকলেও কিছুসংখ্যক লোকের কারসাজিতে তা পরিবর্তিত হয়ে যাচ্ছে জেনে জনগণ খুবই হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন।

অতএব সকল বিষয় বিবেচনা করে অত্র বাউফল মাধ্যমিক বিদ্যালয়টি অনতিবিলম্বে জাতীয়করণের জন্য আমরা সরকার সমীপে জোর আবেদন জানাচ্ছি।

—এ কে এম বজলুল করিম।